



২০ নভেম্বর ২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ থানার রংপুর চিনিকল এলাকার সাহেবগঞ্জ, মাদারপুর ও জয়পুর এলাকায় বসবাসকারী সাঁওতাল জনগোষ্ঠীর উপর অমানবিক হামলার ঘটনা ও হয়রানীমূলক মামলায় গ্রেফতারকৃত মাঝি হেমব্রম জামিনে মুক্ত

আজ গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ থানার রংপুর চিনিকল এলাকার সাহেবগঞ্জ, মাদারপুর ও জয়পুর এলাকায় বসবাসকারী সাঁওতাল জনগোষ্ঠীর উপর অমানবিক হামলার ঘটনায় উদ্ধৃত হয়রানীমূলক মামলায় গ্রেফতারকৃত মাঝি হেমব্রম জামিনে মুক্ত হয়েছেন। বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এর পক্ষ থেকে এই জামিন আবেদন করা হয়।

অমানবিক এ ঘটনায় সাঁওতাল জনগোষ্ঠীর মাঝি হেমব্রমসহ মোট ৪২ জনের বিরুদ্ধে গোবিন্দগঞ্জ থানার বিভিন্ন মামলায় দণ্ডবিধির বিভিন্ন দায়ের করা হয়। গাইবান্ধা জেলা ও দায়রা জজ আদালতে কর্মরত ব্লাস্টের প্যানেল আইনজীবী তাসমিন আরা মিল্লা ব্লাস্ট রংপুর ইউনিটের সহায়তায় এ জামিনের আবেদন করেন।

গত ১৬ নভেম্বর ২০১৬ তারিখ বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এর তিন সদস্যের একটি তথ্যানুসন্ধান দল সরেজমিন ঘটনাস্থল পরিদর্শনকালে দেখা যায় যে, উল্লেখিত মাঝি হেমব্রম নিখোঁজ। তার পরিবার তার কোন খোঁজ পাচ্ছে না। পরবর্তীতে তথ্যানুসন্ধান দেখা যায় সে গ্রেফতার হয়েছে এবং গ্রেফতারকৃত চার জনের মধ্যে তিনজনের পরিবার বিষয়টি জানলেও মাঝি হেমব্রমের (পিতা হতকু হেমব্রম, গ্রাম- বেলুয়া, ঘোড়াঘাট, দিনাজপুর) পরিবার বিষয়টি জানতো না। তৎক্ষণাত ব্লাস্টের পক্ষ থেকে তার পরিবারকে বিষয়টি জানানো হয়।

উল্লেখ্য, গত ৬ নভেম্বর ২০১৬ তারিখ গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ থানার রংপুর চিনিকল এলাকার সাহেবগঞ্জ, মাদারপুর ও জয়পুর এলাকায় আদিবাসী সাঁওতাল ও পুলিশের মধ্যে বিরোধপূর্ণ জমির দখল নিয়ে রক্তাক্ত সংঘর্ষ হয়। এই ঘটনায় বসবাসকারী সাঁওতাল জনগোষ্ঠীর উপর হামলা হয় এবং সাঁওতাল জনগোষ্ঠীর তিন জন আদিবাসী পুলিশের গুলিতে নিহত ও বহু সংখ্যক আহত হয়। এই ঘটনায় আদিবাসীদের ঘর-বাড়িতে অগ্নিসংযোগ, লুটপাট করা হয় এবং বিরোধপূর্ণ জমি থেকে আদিবাসীদের উচ্ছেদ করা হয়। এই ন্যাকারজনক ঘটনায় সাধারণ নাগরিকদের মৌলিক অধিকার চরমভাবে লঙ্ঘিত হয়েছে।

বাংলাদেশের সংবিধান অনুযায়ী, রাষ্ট্রের দায়িত্ব রয়েছে সকল নাগরিকের আইনের আশ্রয়লাভের অধিকার নিশ্চিত করা ও আইনানুযায়ী ব্যতীত ব্যক্তি-জীবন ও ব্যক্তি-স্বাধীনতার অধিকার রয়েছে। এর পাশাপাশি রয়েছে ধর্ম, গোষ্ঠী, বর্ণ, নারীপুরুষভেদ বা জন্মস্থানের কারণে কোন নাগরিকের প্রতি রাষ্ট্র বৈষম্য প্রদর্শন করবে না। বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এই ঘটনার তীব্র নিন্দা ও সুষ্ঠু তদন্তসহ অভিযুক্ত ও দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে দ্রুত গ্রেফতার করে দ্রুত বিচার ও যথাযথ শাস্তি প্রদানের জোর দাবী জানিয়েছে। ভবিষ্যতে এ ধরনের ঘটনা যেন আর না ঘটে সে ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক সকল নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানিয়েছে।

বার্তা প্রেরক

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসি এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ইমেইল: mahbuba@blast.org.bd